

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.১০.০০৩.১৭-৩২০

তারিখ :- ০৭.০৯.২০১৭ খ্রিঃ।

বিষয় : অনলাইনে এম.পি.ও ভুক্তির জন্য আইনগত মতামত প্রসঙ্গে।

সূত্র : (১) জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ-এর স্মারক নং-৩৭.০২.৬১.০০.০০০০.০৪.০০১.১৭-৫১২, তারিখ:- ০৬.০৭.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন বৈরাটি আলিম সিনিয়র মাদ্রাসায় এনটিআরসিএ কর্তৃক মনোনীত হয়ে ০৫ (পাঁচ) জন শিক্ষক বিভিন্ন পদে যোগদান করেছেন। যোগদানকারী শিক্ষকগণ হলেন সর্বজনাব (১) শাহজাহান কবীর, প্রভাষক (ইংরেজী), (২) আবুল কালাম, প্রভাষক (আরবী), (৩) মমতাজ বেগম, সহকারী শিক্ষক(সমাজ বিজ্ঞান) (৪) মোঃ মিজানুর রহমান, সহকারী শিক্ষক (শরীর চর্চা) এবং (৫) মাহফুজুর রহমান, জুনিয়র মৌলভী।

০২. উল্লেখিত ০৫ (পাঁচ) জন শিক্ষক এনটিআরসিএ কর্তৃক মনোনীত এবং মাদ্রাসার গভর্নিং বডি কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়ে শূন্য পদের বিপরীতে যোগদান করেছেন।

০৩. মাদ্রাসার নিয়োগ সংক্রান্ত বিষয়ে ৩২৭/২০১৬ ও ২৯/২০১১ নং ০২ (দুই)টি মামলা থাকায় জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ নবনিয়োগ প্রাপ্ত উল্লেখিত ০৫ (পাঁচ) জন শিক্ষকের এমপিও ভুক্তির বিষয়ে আইনী মতামত চেয়ে অত্র অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করেছেন।

০৪. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ কর্তৃক প্রেরিত পত্রের সাথে সংযুক্ত রেকর্ড পত্র পর্যালোচনায় দেখা যায়, ৩২৭/২০১৬ এবং ২৯/২০১১ নং মামলার আরজির কপিতে নবনিয়োগ প্রাপ্ত ০৫ (পাঁচ)টি পদের বিষয়ে কোন মামলা নেই। নবনিয়োগ প্রাপ্ত ০৫ (পাঁচ)টি পদের নিয়োগের বিষয়ে আদালতের নিষেধাজ্ঞা আছে; এ রকম কোন প্রমাণক পাওয়া যায়নি।

০৫. নবনিয়োগ প্রাপ্ত ০৫ (পাঁচ) জন শিক্ষক সর্বশেষ জনবল কাঠামো অনুযায়ী শূন্য পদে যোগদান করেছেন।


০৬. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের লিগ্যাল এডভাইজার জনাব মোহাম্মদ রাফিউল ইসলাম, বিজ্ঞ আইনজীবী, সুপ্রীম কোর্ট অব বাংলাদেশ উল্লিখিত ০৫ জন শিক্ষকের এমপিও ভুক্তির স্বপক্ষে আইনগত মতামত প্রদান করেছেন।

০৭. উল্লেখিত ০৫ (পাঁচ) জন শিক্ষক তাঁদের নিয়োগ ও এমপিও ভুক্তির বিষয়ে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্টাম্পে এতদবিষয়ে দায় দায়িত্ব গ্রহণ করবেন মর্মে অঙ্গীকার নামা দিয়েছেন।

০৮. এমতাবস্থায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের লিগ্যাল এডভাইজার কর্তৃক আইনগত মতামতের প্রেক্ষিতে বৈরাটি আলিম সিনিয়র মাদ্রাসার নবনিয়োগকৃত ০৫ (পাঁচ) জন শিক্ষকের এম পি ও ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১. বিজ্ঞ আইনজীবীর আইনগত মতামত।

২. উল্লেখিত ০৫ (পাঁচ) জন শিক্ষকের অঙ্গীকার নামা।


০৭/০৯/২০১৭
(মোঃ ফরিদ আহমেদ)
সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
মোবাইল : ০১৭৫১৫৬০৯৯২

১। জেলা শিক্ষা অফিসার
ময়মনসিংহ।

অনুলিপিঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলডবন(৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪. অধ্যক্ষ/সভাপতি, বৈরাটি আলিম সিনিয়র মাদ্রাসা, ধীতপুর, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
৫. অফিস কপি।